তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাজেট অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৪.০১.০১১.১৭.১০

তারিখ: ২৭ পৌষ ১৪৩০ / ১১ জানুয়ারি ২০২৪

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বাজেটে '*৪১১২৩০৬-গবেষণাগার সরঞ্জামাদি' খাতে বরাদ্দকৃত অর্থ বিতরণের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের নামের তালিকা প্রেরণ।

সূত্র: স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৪.০১.০১১.১৭.৭০৫; তারিখ: ৩০ নভেম্বর ২০২৩।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পরিচালন বাজেটে '*৪১১২৩০৬-গবেষণাগার সরঞ্জামাদি' খাতে বরাদ্দকৃত অর্থ 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য প্রতিষ্ঠান নির্বাচন নীতিমালা (সংশোধিত-২০১৮)' (সংযুক্তি-১) মোতাবেক বিভাজনপূর্বক বিতরণ করা হবে। 'গবেষণাগার সরঞ্জামাদি' খাতে বরাদ্দকৃত অর্থ বিতরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জেলাসমূহের গ্রেড নির্ধারণ সংক্রান্ত সার্কুলার (সংযুক্তি-২) অনুসারে নিম্নোক্ত জেলাগ্রেড অনুযায়ী "এ" গ্রেড, "বি" গ্রেড এ "সি" গ্রেড জেলা'র প্রতিটি জেলা হতে যথাক্রমে ৬টি, ৫টি ও ৪টি করে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নাম জেলা কমিটির মাধ্যমে বাছাইপূর্বক সুপারিশসহ প্রতিষ্ঠানের নাম ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

২.০ নির্দিষ্ট সময়ের মধ্যে রাজবাড়ী, মুন্সিগঞ্জ, বান্দরবান, নড়াইল, চাঁপাইনবাবগঞ্জ, গাইবান্ধা ও ঝিনাইদহ মোট ০৭ টি জেলা হতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য সুপারিশকৃত প্রতিষ্ঠানের নাম পাওয়া গেছে। যথাসময়ে তালিকা প্রেরণ করায় সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশক্রমে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হলো।

৩.০ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গবেষণাগার সরঞ্জামাদি খাতে বরাদ্দকৃত টাকা বিতরণের লক্ষ্যে সূত্রোক্ত পত্রে প্রেরিত চাহিদা অনুযায়ী জেলা কমিটির মাধ্যমে বাছাইপূর্বক সুপারিশসহ প্রতিষ্ঠানের নাম আগামী ১৮ জানুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবরে এবং একই সাথে ই-মেইলে (moebudgetsection@gmail.com) সফটকপি প্রেরণ করার জন্য অবশিষ্ট জেলাসমূহের জেলা প্রশাসকগণকে নির্দেশক্রমে পুনরায় অনুরোধ অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৪ (চার) পাতা।

১১/১/২০২৪

(মোঃ নূর-ই-আলম)
যুগ্মসচিব
ফোন: ৯৫১২২০৫
ই-মেইল: moebudgetsection@gmail.com

জেলা প্রশাসক
..............................(সকল)।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৪.০১.০১১.১৭.১০

তারিখ: ২৭ পৌষ ১৪৩০<br>১১ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

০৩. সিনিয়র সহকারী সচিব (বাজেট-২ শাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশসহ সকল জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার এর ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

০৮. জেলা শিক্ষা অফিসার (সকল)।

০৯. অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০. অফিস কপি/ সংরক্ষণ কপি।

১১/১/২০২৪

(মোঃ নূর-ই-আলম)<br>যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাজেট অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৪.০১.০১১.১৭.৭০৫

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩০
৩০ নভেম্বর ২০২৩

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বাজেটে '*৪১১২৩০৬-গবেষণাগার সরঞ্জামাদি' খাতে বরাদ্দকৃত অর্থ বিতরণের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের নামের তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পরিচালন বাজেটে '*৪১১২৩০৬-গবেষণাগার সরঞ্জামাদি' খাতে বরাদ্দকৃত অর্থ 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য প্রতিষ্ঠান নির্বাচন নীতিমালা (সংশোধিত-২০১৮)' (সংযুক্তি-১) মোতাবেক বিভাজনপূর্বক বিতরণ করা হবে। 'গবেষণাগার সরঞ্জামাদি' খাতে বরাদ্দকৃত অর্থ বিতরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জেলাসমূহের গ্রেড নির্ধারণ সংক্রান্ত সার্কুলার (সংযুক্তি-২) অনুসারে নিম্নোক্ত জেলাগ্রেড অনুযায়ী "এ" গ্রেড, "বি" গ্রেড এ "সি" গ্রেড জেলা'র প্রতিটি জেলা হতে যথাক্রমে ৬টি, ৫টি ও ৪টি করে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নাম জেলা কমিটির মাধ্যমে বাছাইপূর্বক সুপারিশসহ আগামী ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবরে এবং একই সাথে ই-মেইলে (moebudgetsection@gmail.com) সফ্টকপি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| জেলার কোড | জেলার নাম | মোট জেলার সংখ্যা | প্রতি জেলায় প্রাপ্য প্রতিষ্ঠানের সংখ্যা | মোট প্রাপ্য প্রতিষ্ঠানের সংখ্যা |
|---|---|---|---|---|
| 'এ' শ্রেণি | ঢাকা, গাজীপুর, ফরিদপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোণা, টাংগাইল, চট্টগ্রাম, কক্সবাজার, রাংগামাটি, খাগড়াছড়ি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, রাজশাহী, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ,বগুড়া, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, খুলনা, বাগেরহাট, যশোর, বরিশাল, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ। | ৩১ | ৬ | (৩১×৬)= ১৮৬ |
| 'বি' শ্রেণি | নরসিংদী, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরীয়তপুর, জামালপুর, শেরপুর, বান্দরবান, ফেনী, লক্ষীপুর, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, ঠাকুরগাঁও, পঞ্চগড়, নীলফামারী, গাইবান্ধা, লালমনিরহাট, সাতক্ষীরা, ঝিনাইদহ, পিরোজপুর, ভোলা, বরগুনা, কুষ্টিয়া, মৌলভীবাজার। | ২৭ | ৫ | (২৭×৫)= ১৩৫ |
| 'সি' শ্রেণি | মাদারীপুর, মাগুরা, নড়াইল, মেহেরপুর, চুয়াডাংগা, ঝালকাঠী। | ৬ | ৪ | (৬× ৪)= ২৪ |
| | মোট = | ৬৪ | | ৩৪৫ |

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

৩০/১১/২০২৩
(মোঃ নূর-ই-আলম)
যুগ্মসচিব
ফোন: ৯৫১২২০৫
ই-মেইল: moebudgetsection@gmail.com

জেলা প্রশাসক
.............................(সকল)।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৪.০১.০১১.১৭.৭০৫

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩০
৩০ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩. সিনিয়র সহকারী সচিব (বাজেট-২ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশসহ সকল জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসার এর ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
০৮. জেলা শিক্ষা অফিসার (সকল)।
০৯. অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. অফিস কপি/ সংরক্ষণ কপি।

৩০/১১/২০২৩

(মোঃ নূর-ই-আলম)
যুগ্মসচিব

সংলাগ-ক

## বিভাগ, জেলা ও উপজেলা সমূহের নামের তালিকা

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | | |
|---|---|---|---|---|
| | | **ঢাকা বিভাগ** | | |
| ১ | ঢাকা | দোহার, ধামরাই, সাভার, নবাবগঞ্জ, কেরাণীগঞ্জ | ৫ | বি ক্যা |
| ২ | গাজীপুর | সদর, কালীগঞ্জ, শ্রীপুর, কাপাসিয়া, কালিয়াকৈর | ৫ | বি ক্যা |
| ৩ | নরসিংদী | সদর, রায়পুরা, শিবপুর, মনোহরদী, পলাশ, বেলাব | ৬ | B |
| ৪ | মানিকগঞ্জ | সদর, সিঙ্গাইর, হরিরামপুর, দৌলতপুর, ঘিওর, সিংগাইর, সাটুরিয়া | ৭ | B |
| ৫ | মুন্সীগঞ্জ | সদর, টংগীবাড়ী, লৌহজং, গজারিয়া, শ্রীনগর, সিরাজদিখান | ৬ | B |
| ৬ | নারায়ণগঞ্জ | সদর, সোনারগাঁও, আড়াইহাজার, বন্দর, রূপগঞ্জ | ৫ | B |
| ৭ | ফরিদপুর | সদর, ভাংগা, সদরপুর, নগরকান্দা, চরভদ্রাসন, মধুখালী, বোয়ালমারী, আলফাডাংগা, সালথা | ৯ | A |
| ৮ | মাদারীপুর | সদর, শিবচর, কালকিনি, রাজৈর | ৪ | C |
| ৯ | গোপালগঞ্জ | সদর, কাশিয়ানী, কোটালীপাড়া, মকসুদপুর, টুংগীপাড়া | ৫ | B |
| ১০ | রাজবাড়ী | সদর, গোয়ালন্দ, বালিয়াকান্দি, পাংশা, কালুখালী | ৫ | C B |
| ১১ | শরীয়তপুর | সদর, ভেদরগঞ্জ, জাজিরা, ডামুড্যা, নড়িয়া, গোসাইরহাট | ৬ | B |
| ১২ | জামালপুর | সদর, সরিষাবাড়ী, দেওয়ানগঞ্জ, মাদারগঞ্জ, মেলান্দহ, ইসলামপুর, বকশীগঞ্জ | ৭ | B |
| ১৩ | শেরপুর | সদর, শ্রীবরদী, ঝিনাইগাতি, নকলা, নালিতাবাড়ি | ৫ | B |
| ১৪ | ময়মনসিংহ | সদর, ঈশ্বরগঞ্জ, গফরগাঁও, গৌরীপুর, নান্দাইল, ফুলবাড়ীয়া, ত্রিশাল, ফুলপুর, ভালুকা, হালুয়াঘাট, মুক্তাগাছা, ধোবাউড়া | ১২ | বি ক্যা |
| ১৫ | কিশোরগঞ্জ | সদর, পাকুন্দিয়া, অষ্টগ্রাম, ইটনা, বাজিতপুর, কটিয়াদী, ভৈরববাজার, নিকলী, কুলিয়ারচর, করিমগঞ্জ, হোসেনপুর, তাড়াইল, মিঠামইন | ১৩ | A |
| ১৬ | নেত্রকোনা | সদর, কেন্দুয়া, মোহনগঞ্জ, দুর্গাপুর, মদন, বারহাট্টা, খালিয়াজুরি, আটপাড়া, পূর্বধলা, কলমাকান্দা | ১০ | A |
| ১৭ | টাংগাইল | সদর, নাগরপুর, গোপালপুর, সখিপুর, বাসাইল, কালিহাতী, মির্জাপুর, ঘাটাইল, মধুপুর, ভুয়াপুর, দেলদুয়ার, ধনবাড়ী | ১২ | A |
| | মোট | | ১২২ | |
| | | **চট্টগ্রাম বিভাগ** | | |
| ১৮ | চট্টগ্রাম | ফটিকছড়ি, সন্দ্বীপ, আনোয়ারা, রাউজান, মিরশরাই, বাঁশখালী, লোহাগড়া, হাটহাজারী, বোয়ালখালী, রাংগুনিয়া, সীতাকুন্ড, সাতকানিয়া, পটিয়া, চন্দনাইশ | ১৪ | বি ক্যা |
| ১৯ | কক্সবাজার | সদর, চকরিয়া, মহেশখালী, কুতুবদিয়া, রামু, টেকনাফ, উখিয়া, পেকুয়া | ৮ | A |
| ২০ | রাংগামাটি | সদর, বাঘাইছড়ি, লংগদু, কাউখালী, বরকল, জুরাইছড়ি, নানিয়ারচর, কাপ্তাই, বিলাইছড়ি, রাজস্থলী | ১০ | A |
| ২১ | খাগড়াছড়ি | সদর, মহলছড়ি, দীঘিনালা, পানছড়ি, রামগড়, মাটিরাংগা, মানিকছড়ি, লক্ষীছড়ি | ৮ | A |
| ২২ | বান্দরবান | সদর, লামা, রুমা, আলিকদম, থানচি, নাইক্ষ্যংছড়ি, রোওয়াংছড়ি | ৭ | B |
| ২৩ | কুমিল্লা | সদর, সদর দক্ষিণ, ব্রাহ্মণপাড়া, লাকসাম, হোমনা, মুরাদনগর, বুড়িচং, বরুড়া, দেবীদ্বার, চৌদ্দগ্রাম, চান্দিনা, দাউদকান্দি, নাংগলকোট, ব্রাহ্মণপাড়া, মেঘনা, তিতাস | ১৬ | A |
| ২৪ | ব্রাহ্মণবাড়িয়া | সদর, সরাইল, নাসিরনগর, বাঞ্ছারামপুর, কসবা, নবীনগর, আখাউড়া, আশুগঞ্জ, বিজয়নগর | ৯ | A |
| ২৫ | চাঁদপুর | সদর, মতলব দক্ষিণ, হাজীগঞ্জ, ফরিদগঞ্জ, কচুয়া, শাহরাস্তি, হাইমচর, মতলব উত্তর | ৮ | A |
| ২৬ | নোয়াখালী | সদর, বেগমগঞ্জ, হাতিয়া, সেনবাগ, কোম্পানীগঞ্জ, চাটখিল, সোনাইমুড়ী, সুবর্ণচর, কবিরহাট | ৯ | A |
| ২৭ | ফেনী | সদর, ছাগলনাইয়া, সোনাগাজী, পরশুরাম, দাগনভূইয়া, ফুলগাজী | ৬ | B |
| ২৮ | লক্ষীপুর | সদর, রামগতি, রামগঞ্জ, রায়পুর, কমলনগর | ৫ | B |
| | মোট | | ১০০ | |
| | | **রাজশাহী বিভাগ** | | |
| ২৯ | রাজশাহী | বাগমারা, মোহনপুর, চারঘাট, দুর্গাপুর, পবা, গোদাগাড়ী, পুঠিয়া, তানোর, বাঘা | ৯ | বি ক্যা |
| ৩০ | নাটোর | সদর, বাগাতিপাড়া, লালপুর, বড়াইগ্রাম, গুরুদাসপুর, সিংড়া | ৬ | B |
| ৩১ | চাঁপাইনবাবগঞ্জ | সদর, শিবগঞ্জ, গোমস্তাপুর, নাচোল, ভোলাহাট | ৫ | B |
| ৩২ | নওগাঁ | সদর, পত্নীতলা, মহাদেবপুর, মান্দা, আত্রাই, নিয়ামতপুর, রাণীনগর, বদলগাছী, ধামুরহাট, পোরশা, সাপাহার | ১১ | A |
| ৩৩ | পাবনা | সদর, ঈশ্বরদী, চাটমোহর, সুজানগর, ফরিদপুর, আটঘরিয়া, সাঁথিয়া, বেড়া, ভাংগুড়া | ৯ | A |

৬

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | | |
|---|---|---|---|---|
| | | **রাজশাহী বিভাগ** | | |
| ৩৪ | সিরাজগঞ্জ | সদর, তাড়াশ, কামারখন্দ, উল্লাপাড়া, রায়গঞ্জ, বেলকুচি, কাজীপুর, চৌহালী, শাহজাদপুর | ৯ | A |
| ৩৫ | বগুড়া | সদর, দুপচাঁচিয়া, ধুনট, সারিয়াকান্দি, শিবগঞ্জ, কাহালু, আদমদীঘি, গাবতলী, নন্দীগ্রাম, সোনাতলা, শেরপুর, শাহজাহানপুর (মাঝিরা) | ১২ | A |
| ৩৬ | জয়পুরহাট | সদর, পাঁচবিবি, ক্ষেতলাল, আক্কেলপুর, কালাই | ৫ | B |
| | মোট | | ৬৬ | |
| | | **রংপুর বিভাগ** | | |
| ৩৭ | রংপুর | সদর, গংগাচড়া, পীরগাছা, বদরগঞ্জ, মিঠাপুকুর, পীরগঞ্জ, কাউনিয়া, তারাগঞ্জ | ৮ | A |
| ৩৮ | দিনাজপুর | সদর, ফুলবাড়ী, বিরল, পার্বতীপুর, বোচাগঞ্জ, নবাবগঞ্জ, হাকিমপুর, ঘোড়াঘাট, চিরিরবন্দর, খানসামা, বীরগঞ্জ, কাহারোল, বিরামপুর | ১৩ | A |
| ৩৯ | ঠাকুরগাঁও | সদর, রাণীশংকৈল, হরিপুর, বালিয়াডাঙ্গী, পীরগঞ্জ | ৫ | B |
| ৪০ | পঞ্চগড় | সদর, বোদা, আটোয়ারী, দেবীগঞ্জ, তেঁতুলিয়া | ৫ | B |
| ৪১ | নীলফামারী | সদর, সৈয়দপুর, কিশোরগঞ্জ, জলঢাকা, ডিমলা, ডোমার | ৬ | B |
| ৪২ | কুড়িগ্রাম | সদর, চিলমারী, ফুলবাড়ী, ভুরুঙ্গামারি, রৌমারী, উলিপুর, নাগেশ্বরী, রাজিবপুর, রাজারহাট | ৯ | A |
| ৪৩ | গাইবান্ধা | সদর, সাদুল্যাপুর, পলাশবাড়ী, সাঘাটা, সুন্দরগঞ্জ, ফুলছড়ি, গোবিন্দগঞ্জ | ৭ | B |
| ৪৪ | লালমনিরহাট | সদর, কালিগঞ্জ, পাটগ্রাম, হাতীবান্ধা, আদিতমারী | ৫ | B |
| | মোট | | ৫৮ | |
| | | **খুলনা বিভাগ** | | |
| ৪৫ | খুলনা | পাইকগাছা, বটিয়াঘাটা, তেরখাদা, ডুমুরিয়া, ফুলতলা, দিঘলিয়া, দাকোপ, রূপসা, কয়রা | ৯ | বি ক্যা |
| ৪৬ | বাগেরহাট | সদর, মোল্লারহাট, মোড়েলগঞ্জ, শরণখোলা, রামপাল, ফকিরহাট, মোংলা, কচুয়া, চিতলমারী | ৯ | A |
| ৪৭ | সাতক্ষীরা | সদর, আশাশুনি, তালা, কলারোয়া, শ্যামনগর, দেবহাটা, কালিগঞ্জ | ৭ | B |
| ৪৮ | যশোর | সদর, ঝিকরগাছা, অভয়নগর, কেশবপুর, মণিরামপুর, শার্শা, বাঘারপাড়া, চৌগাছা | ৮ | A |
| ৪৯ | ঝিনাইদহ | সদর, শৈলকুপা, হরিণাকুন্ডু, কালিগঞ্জ, মহেশপুর, কোটচাঁদপুর | ৬ | B |
| ৫০ | মাগুরা | সদর, মহম্মদপুর, শালিখা, শ্রীপুর | ৪ | C |
| ৫১ | নড়াইল | সদর, লোহাগড়া, কালিয়া | ৩ | C |
| ৫২ | মেহেরপুর | সদর, গাংনী, মুজিবনগর | ৩ | C |
| ৫৩ | কুষ্টিয়া | সদর, মিরপুর, কুমারখালী, খোকসা, ভেড়ামারা, দৌলতপুর | ৬ | ~~A~~ B |
| ৫৪ | চুয়াডাঙ্গা | সদর, আলমডাঙ্গা, দামুড়হুদা, জীবননগর | ৪ | C |
| | মোট | | ৫৯ | |
| | | **বরিশাল বিভাগ** | | |
| ৫৫ | বরিশাল | সদর, বাকেরগঞ্জ, গৌরনদী, বাবুগঞ্জ, বানারীপাড়া, উজিরপুর, মুলাদী, হিজলা, আগৈলঝাড়া, মেহেন্দিগঞ্জ | ১০ | A |
| ৫৬ | ঝালকাঠি | সদর, রাজাপুর, নলছিটি, কাঠালিয়া | ৪ | C |
| ৫৭ | পিরোজপুর | সদর, নাজিরপুর, ভান্ডারিয়া, কাউখালী, মঠবাড়িয়া, নেছারাবাদ, জিয়ানগর | ৭ | B |
| ৫৮ | ভোলা | সদর, দৌলতখান, তজুমুদ্দিন, বোরহানউদ্দিন, চরফ্যাশন, লালমোহন, মনপুরা | ৭ | B |
| ৫৯ | পটুয়াখালী | সদর, মির্জাগঞ্জ, বাউফল, গলাচিপা, কলাপাড়া, দশমিনা, দুমকি | ৭ | B – A |
| ৬০ | বরগুনা | সদর, বেতাগী, আমতলী, পাথরঘাটা, বামনা | ৫ | B |
| | মোট | | ৪০ | |
| | | **সিলেট বিভাগ** | | |
| ৬১ | সিলেট | সদর, বালাগঞ্জ, বিশ্বনাথ, কানাইঘাট, গোলাপগঞ্জ, জকিগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, বিয়ানীবাজার, গোয়াইনঘাট, জৈন্তাপুর, কোম্পানীগঞ্জ, দক্ষিণ সুরমা | ১২ | A |
| ৬২ | মৌলভীবাজার | সদর, কুলাউড়া, শ্রীমঙ্গল, বড়লেখা, কমলগঞ্জ, রাজনগর, জুড়ী | ৭ | B |
| ৬৩ | হবিগঞ্জ | সদর, চুনারুঘাট, নবীগঞ্জ, মাধবপুর, লাখাই, বানিয়াচং, আজমিরীগঞ্জ, বাহুবল | ৮ | A |
| ৬৪ | সুনামগঞ্জ | সদর, ছাতক, ধর্মপাশা, দিরাই, জামালগঞ্জ, জগন্নাথপুর, তাহিরপুর, শাল্লা, দোয়ারাবাজার, বিশ্বম্ভরপুর, দক্ষিণ সুনামগঞ্জ | ১১ | A |
| | মোট | | ৩৮ | |

মোট = বিভাগ-০৭টি, জেলা-৬৪টি এবং উপজেলার সংখ্যা-৪৮৩টি

বিশেষ ক্যাটাগরি - ৬টি জেলা, A- ২৫টি জেলা, B - ২৬টি জেলা, C- ৭টি জেলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাজেট শাখা

**"বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য প্রতিষ্ঠান নির্বাচন নীতিমালা (সংশোধিত-২০১৮)"**

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য সরকার আর্থিক মঞ্জুরি প্রদান করে। বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত নীতিমালা প্রণয়ন করা হলো।

২। **শিরোনাম:** এ নীতিমালা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পরিচালন বাজেটের আওতায় "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের জন্য প্রতিষ্ঠান নির্বাচন নীতিমালা (সংশোধিত-২০১৮)" নামে অভিহিত হবে।

৩। **শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন কমিটি:**

ক) প্রতিটি উপজেলায় সংশ্লিষ্ট অর্থবছরের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন নিম্নোক্ত কমিটির মাধ্যমে সম্পাদিত হবে (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ মহানগর এলাকা ব্যতীত):

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| ২. | সহকারী কমিশনার (ভূমি) | - | সদস্য |
| ৩. | উপজেলা সদরের একজন বেসরকারি কলেজের অধ্যক্ষ (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৪. | উপজেলা সদরের একজন বেসরকারি স্কুলের প্রধান শিক্ষক (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৫. | উপজেলা সদরের একজন বেসরকারি স্কুলের প্রধান শিক্ষিকা (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৬. | সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রের প্রতিনিধি | - | সদস্য |
| ৭. | উপজেলা সহকারী প্রোগ্রামার (UIRTCE) | - | সদস্য |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - | সদস্য সচিব |

কমিটির কর্মপরিধি: ৫ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণপূর্বক উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবরে তালিকা প্রেরণ করবেন।

খ) ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ মহানগর এলাকার শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন নিম্নোক্ত কমিটির মাধ্যমে সম্পাদিত হবে:

| | | | |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | - | সভাপতি |
| ২. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | - | সদস্য |
| ৩. | জেলা শিক্ষা অফিসার | - | সদস্য |
| ৪. | একজন বেসরকারি কলেজের অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৫. | একজন বেসরকারি স্কুলের প্রধান শিক্ষক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৬. | একজন বেসরকারি স্কুলের প্রধান শিক্ষিকা (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৭. | সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রের প্রতিনিধি | - | সদস্য |
| ৮. | আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | - | সদস্য সচিব |

কমিটির কর্মপরিধি: ৫ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণপূর্বক উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবরে তালিকা প্রেরণ করবেন।

গ) জেলা প্রশাসক কর্তৃক প্রতিষ্ঠান নির্ধারণের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | - | সভাপতি |
| ২. | প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা সচিব, জেলা পরিষদ | - | সদস্য |
| ৩. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | - | সদস্য |
| ৪. | স্থানীয় সরকারি কলেজের অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৫. | জেলা শিক্ষা অফিসার | - | সদস্য সচিব |

কমিটির কর্মপরিধি: উপজেলা এবং মহানগর কমিটি হতে প্রাপ্ত তালিকা যাচাই-বাছাই করে জেলার গ্রেড অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করে তালিকা সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করবেন।

ঘ) স্থানীয় মাননীয় সংসদ সদস্য/সংসদ সদস্যগণ কমিটির উপদেষ্টা থাকবেন। মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শক্রমে কমিটি প্রতিষ্ঠান নির্বাচন করবে:

## ৪। শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন:

১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এ.বি.সি. গ্রেডের জেলার তথ্য বিবেচনান্তে "এ" গ্রেডের জন্য ৬টি, "বি" গ্রেডের জন্য ৫টি ও "সি" গ্রেডের জন্য ৪টি হিসেবে জেলাওয়ারী প্রতিষ্ঠানের সংখ্যা নির্ধারণ অন্তে প্রয়োজনে অর্থ মন্ত্রণালয়ের সম্মতিগ্রহণপূর্বক জেলা প্রশাসকগণের নিকট প্রতিষ্ঠানের নামের তালিকা চাওয়া হবে;

২) ৬৪টি জেলায় গ্রেডওয়ারী উপরোক্তভাবে নির্ধারিত বিভাজন অন্তে সকল জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দ প্রদান করা হবে।

## ৫। শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:

১) যে সকল প্রতিষ্ঠান গত ৩ (তিন) বছরে কোন সরকারি সাহায্য পায়নি তাঁদেরকে অগ্রাধিকার দিতে হবে;

২) বিগত তিন বছর যে সমস্ত প্রতিষ্ঠান ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বাবদ সাহায্য পেয়েছে সে সমস্ত প্রতিষ্ঠানে উক্ত সাহায্য দেয়া যাবে না;

৩) প্রত্যন্ত গ্রামীণ অস্বচ্ছল শিক্ষা প্রতিষ্ঠানকে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী প্রদানের ক্ষেত্রে প্রাধান্য দিতে হবে;

৪) প্রতিটি অঞ্চলে সুষম বন্টন নীতিতে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করতে হবে;

৫) ছাত্র-ছাত্রীর সংখ্যা, প্রতিষ্ঠানের প্রকৃত চাহিদা ও বিগত ৩ বছরের পাবলিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করতে হবে;

৬) জরুরী প্রয়োজনে বা যুক্তিসঙ্গত কারণ ছাড়া নগর বা মেট্রোপলিটন এলাকার শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন নিরুৎসাহিত করতে হবে।

## ৬। ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী সংগ্রহ:

১) বরাদ্দ প্রাপ্তির পর যাবতীয় আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালনপূর্বক নিম্নোক্ত কমিটির মাধ্যমে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী ক্রয় করতে হবে:

| | | | |
|---|---|---|---|
| (ক) | উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| (খ) | সহকারী কমিশনার (ভূমি) | - | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (গ) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | সদস্য |
| (ঘ) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - | সদস্য |
| (ঙ) | উপজেলা সহকারী প্রোগ্রামার (UIRTCE) | - | সদস্য |
| (চ) | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান | - | সদস্য সচিব |

২) ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী ক্রয়ের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানের রেজিস্টারে তা লিপিবদ্ধ করবেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের পরিদর্শনের সময় তা প্রদর্শন করবেন;

৩) ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী ক্রয়ের বিষয়টি যাচাই করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাগণসহ জেলা ও বিভাগীয় পর্যায়ের প্রশাসনিক/শিক্ষা কর্মকর্তাগণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন ও মনিটরিং করবেন এবং এ বিষয়ে কোন অভিযোগ পাওয়া গেলে বিভাগ/মন্ত্রণালয়কে অবহিত করবেন।

৭। শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন ও অর্থ বরাদ্দ সংক্রান্ত অনুচ্ছেদ ৩, ৪ ও ৫ এর নির্দেশনা সত্ত্বেও প্রয়োজনবোধে এ কর্মসূচির আওতায় শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন ও তাদের অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ক্ষমতা এ বিভাগের থাকবে এবং প্রয়োজন অনুসারে এতদসংক্রান্ত বিষয়ে সময়ে সময়ে জারিকৃত বিভাগের নির্দেশনাবলী এ নীতিমালার উপর প্রাধান্য পাবে।

স্বাক্ষরিত
২৮/১১/২০১৮
(মো: সোহরাব হোসাইন)
সচিব

৩৭.০০.০০০০.০৬৪.২০.০০৫.১৭-২৮১/১(৭)

তারিখ: ২৫ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ / ০৮ জানুয়ারী ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

১। অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন/মাধ্যমিক-১/২, কলেজ/বিশ্ববিদ্যালয়/আইন/উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। যুগ্ম-সচিব (নিরীক্ষা),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান (পরিকল্পনা)মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। জেলা প্রশাসক ............................................. (সকল)।
৭। উপসচিব (প্রশাসন)মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। সিনিয়র সহকারী সচিব (সেবা),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(মো: ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১২২০৫
ইমেইল: moebedgetsection@gmail.com